[redacted]

[redacted]

[redacted]: [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]

[redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]
[redacted]: [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

অষ্টম শ্রেণি পাসে নিয়োগ দেবে বিআইডব্লিউটিএ

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ- পরিবহন করপোরেশন। দুইটি ভিন্ন পদে মোট আট জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারেন।

পদের নাম

ফার্মাসিস্ট ও গাড়িচালক।

পদসংখ্যা

আট জন।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ফার্মাসিস্ট সার্টিফিকেট প্রাপ্ত ও অষ্টম শ্রেণি পাস প্রার্থীরা বিভিন্ন পদে আবেদন করতে পারবেন। গাড়ী চালক পদের জন্য প্রার্থীর তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অনূর্ধ্ব ৩০ বছর বয়স পর্যন্ত আবেদন করা যাবে।

বেতন

ফার্মাসিস্ট পদের বেতন ১০,২০০-২৪,৬৮০/-টাকা ও

গাড়িচালক পদের বেতন ৯,৩০০-২২,৪৯০/-টাকা।

আবেদনের প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন (http://biwtc.teletalk.com.bd/biwtc1/) এই ঠিকানায়।

আবেদনের শেষ তারিখ

২৬ জানুয়ারি ২০২২।

সূত্র : http://biwtc.teletalk.com.bd

[redacted]

[redacted]

[redacted]

[

সূত্র : বিডিজবস

জনবল নেবে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়

জনবল নিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়। প্রতিষ্ঠানটির অধীনে মহিলাবিষযক অধিদপ্তর পরিচালিত একটি প্রকল্পের একটি পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আবেদন করা যাবে ডাকযোগে।

সংস্থা: মহিলা বিষয়ক অধিদপ্তর

প্রকল্পের নাম: ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প

পদের নাম: ডে কেয়ার অফিসার
পদ সংখ্যা: ১
যোগ্যতা: স্নাতকোত্তর পাস হতে হবে।
বেতন: ২৭,১০০
চাকরির ধরন: অস্থায়ী

এতে শুধু নারীরা আবেদন করতে পারবেন।

বয়স: আগ্রহী প্রার্থীর বয়স ২০২২ সালের ২০ জানুয়ারি হিসাবে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে।

আবেদনের নিয়ম: আবেদনের জন্য http://www.mowca.gov.bd/-এ ওয়েবসাইট থেকে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। পরে আবেদনপত্র পূরণ করে ডাকযোগে পাঠাতে হবে।

আবেদনের ঠিকানা: সচিব, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, কক্ষ নং-৮১১, সচিবালয় লিংক রোড, ঢাকা।

আবেদনের শেষ সময়: ২০ জানুয়ারি ২০২২

[illegible], [illegible] [illegible],[illegible],[illegible]

[illegible]

[illegible]: [illegible]
[illegible]: [illegible]
[illegible]: [illegible]–[illegible] [illegible]/[illegible]/[illegible] [illegible]/[illegible] [illegible]

[illegible], [illegible] [illegible],[illegible],[illegible]
[illegible]: [illegible] ([illegible])
[illegible]: [illegible], [illegible]
[illegible]–[illegible]: [illegible] [illegible],[illegible],[illegible] [illegible] [illegible],[illegible],[illegible] [illegible], [illegible]

[illegible]

[illegible] Apply Now-[illegible]

[illegible]: [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible], [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]-[illegible]

[illegible]

[illegible]

[illegible] [illegible],[illegible]-[illegible],[illegible]/-[illegible]

[illegible] [illegible],[illegible]-[illegible],[illegible]/-[illegible]

[illegible]-[illegible]/-[illegible]

[illegible]

[illegible] (www.fireservice.gov.bd) [illegible]

আবেদন ফরম নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে হবে।

ঠিকানা: মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

আবেদনের শেষ তারিখ

১২ জানুয়ারি, ২০২২।

রেড ক্রিসেন্ট সোসাইটিতে চাকরি, বেতন এক লাখ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি সম্প্রতি জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটি তাদের ডিজাস্টার রেসপন্স (ডিআর) বিভাগে লোকবল নিয়োগ দেবে। বিজ্ঞপ্তি অনুসারে যোগ্যতা পূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে।

পদের নাম: কোভিড-১৯ রেসপন্স ম্যানেজার
পদসংখ্যা: ১
যোগ্যতা ও অভিজ্ঞতা: প্রার্থীদের স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের ডিগ্রি থাকতে হবে। রেডক্রস/ রেড ক্রিসেন্ট বা কোনো মানবাধিকার সংস্থায় প্রোগ্রাম/ প্রজেক্টে অন্তত সাত (৭) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। প্রজেক্ট সাইকেল ম্যানেজমেন্টে ধারণা থাকতে হবে। পরিকল্পনা, বাস্তবায়ন ও তা মনিটরিংয়ের দক্ষতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় (এমএস ওয়ার্ড, স্প্রেডশিট, উইন্ডোজ, ই–মেইল ও ইন্টারনেট) ও যোগাযোগে দক্ষ হতে হবে। প্রশিক্ষণ প্রদানে দক্ষ হতে হবে। ভ্রমণের মানসিকতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে।

চাকরির ধরন: চুক্তিভিত্তিক (ছয় মাসের চুক্তি, মেয়াদ বাড়ার সম্ভাবনা রয়েছে)
কর্মস্থল: ন্যাশনাল হেড কোয়ার্টার্স, মগবাজার, ঢাকা

বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা: মাসিক বেতন ১,০০,০০০ টাকা। সংস্থার নীতি অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হবে।আবেদন যেভাবে
আগ্রহী প্রার্থীদের এই লিংকে লগইন করে আবেদন করতে হবে। আবেদন করার আগে এই লিংক থেকে নিয়োগ ও আবেদনপ্রক্রিয়া–সম্পর্কিত বিস্তারিত তথ্য জেনে নিতে হবে।

আবেদনের শেষ সময়: ১৫ জানুয়ারি ২০২২ বিকেল পাঁচটা পর্যন্ত।

বইমেলায় চাকরির আবেদনের এখনই সময়

প্রতিবছর মেলায় প্রায় ১৫০০ থেকে ২০০০ জন বিক্রয়কর্মী হিসেবে খণ্ডকালীন চাকরির সুযোগ পান
আগামী ফেব্রুয়ারি মাস থেকে বাংলা একাডেমি আয়োজন করতে যাচ্ছে মাসব্যাপী অমর একুশে গ্রন্থমেলা। প্রতিবছর মেলায় কয়েক শ স্টল থাকে, যেখানে এক মাসের খণ্ডকালীন কাজের সুযোগ পান তরুণ-তরুণীরা। ছোট-বড় প্রায় সব স্টল বিকিকিনিতে সহযোগিতার জন্য বিক্রয়কর্মী নিয়ে থাকে। এবার মেলায় ৪৬০টির মতো স্টল থাকবে। পড়াশোনার পাশাপাশি যাঁরা খণ্ডকালীন চাকরি করতে চান, তাঁদের জন্য চাকরির সুযোগ রয়েছে এসব স্টলে।

বাংলা একাডেমির পরিচালক ও বইমেলার সদস্য সচিব ড. জালাল আহমেদ প্রথম আলোকে বলেন, মেলার জন্য প্রস্তুতি চলছে জোরেশোরে। বইমেলাকে কেন্দ্র করে এ সময়টাতে দেশের সংস্কৃতি অঙ্গনে বিশাল অর্থনৈতিক কর্মকাণ্ড চলে। বিভিন্ন খাতে অনেকের কর্মসংস্থান হয়। মেলায় বিক্রয়কর্মী ও বই সরবরাহকারী ছাড়াও অনেক ধরনের কাজের সুযোগ হয়। প্রতিবছর মেলায় প্রায় ১৫০০ থেকে ২০০০ জন বিক্রয়কর্মী হিসেবে খণ্ডকালীন চাকরির সুযোগ পান। এদের মধ্যে উল্লেখযোগ্যসংখ্যক নারী। এবার মেলায় ৪৬০টি স্টল ও ৩৫টি প্যাভিলিয়ন থাকবে। তাই এবারও অনেক কর্মী লাগবে। বাংলা একাডেমি মেলা উপলক্ষে প্রতিবছর ১০০ থেকে ১৫০ জন বিক্রয়কর্মী নিয়োগ দিয়ে

থাকে।

আবেদনের যোগ্যতা

প্রকাশনা প্রতিষ্ঠানগুলো মেলা চলাকালে ক্রেতাদের কাছে বই বিক্রয় ও উপস্থাপন করার জন্য নিয়মিত কর্মীর পাশাপাশি অভিজ্ঞ ও অনভিজ্ঞ খণ্ডকালীন বিক্রয়কর্মী নিয়ে থাকে। এ ছাড়া কিছু প্রতিষ্ঠান বেচাকেনার হিসাব সামলানোর জন্য ক্যাশিয়ার পদেও লোক নেয়। এসব পদে আবেদনের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এইচএসসি পাস চাওয়া হয়। বিশ্ববিদ্যালয় বা কলেজপড়ুয়া শিক্ষার্থীরাও আবেদন করতে পারেন। ‘বাংলানামা’ প্রকাশনীর প্রধান নির্বাহী কবীর আলমগীর প্রথম আলোকে বলেন, শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি প্রার্থীদের দীর্ঘক্ষণ কাজ করার মানসিকতার বিষয়টি খেয়াল করা হয়। এ ছাড়া প্রার্থীর উপস্থিত বুদ্ধি, উপস্থাপনার কৌশল, যোগাযোগের দক্ষতা ও হিসাবজ্ঞান আছে কি না, তা যাচাই করা হয়।

চাকরির খোঁজখবর

কয়েকটি প্রকাশনা প্রতিষ্ঠানের সঙ্গে কথা বলে জানা যায়, বিক্রয়কর্মী নিয়োগের জন্য পত্রপত্রিকায় তেমন একটা বিজ্ঞাপন দেওয়া হয় না। প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগমাধ্যমে বইমেলায় কাজের জন্য প্রার্থীদের কাছ থেকে সিভি চাওয়া হয়। এ ছাড়া ব্যক্তিগত যোগাযোগ ও প্রকাশনা প্রতিষ্ঠানের নির্দিষ্ট বইয়ের দোকান থেকেও সিভি নেওয়া হয়। প্রথমা প্রকাশনের ব্যবস্থাপক মো. জাকির হোসেন বলেন, ‘বইমেলার জন্য আমরা সিভি নেওয়া শুরু করেছি। প্রথম প্রকাশনের কারওয়ান বাজার, আজিজ সুপার মার্কেট ও ইউনাইটেড সিটির শেফস টেবিল কোর্টসাইডের প্রথমা বুক ক্যাফেতে সিভি নেওয়া হচ্ছে। এবার মেলা উপলক্ষে ২৫-৩০ জন কর্মী নেওয়ার পরিকল্পনা রয়েছে আমাদের।’

কাজের ধরন

অন্যান্য চাকরির চেয়ে বইমেলার কাজের ধরন ও সময় আলাদা। যেহেতু মেলা প্রতিদিন বেলা তিনটা থেকে শুরু হয়। তাই কাজ শুরু হয় বিকেল থেকেই। তবে মেলা শুরুর কিছু সময় আগে বিক্রয়কর্মীদের উপস্থিত হতে হয়। বেলা তিনটা থেকে রাত নয়টা পর্যন্ত ডিউটি করতে হয়। ছুটির দিনগুলোতে মেলা বেলা ১১টা থেকে শুরু হওয়ায় ডিউটিও শুরু হয় ১১টা থেকে। মেলা চলাকালে বিক্রয়কর্মীদের পুরোটা সময়ই স্টলে থাকতে হয়। নির্দিষ্ট প্রকাশনার বই ও লেখকদের সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে

হয়। কারণ, ক্রেতারা দোকানে এসে বই সম্পর্কে বিভিন্ন বিষয়ে জিজ্ঞেস করেন। তাই পাঠক-ক্রেতাদের চাহিদা ও পছন্দের দিকে বাড়তি খেয়াল রাখতে হয়।

বেতন ও সুযোগ-সুবিধা

প্রতিষ্ঠানভেদে বেতন নির্ভর করে। একেক প্রতিষ্ঠানের বেতন একেক রকম। তবে সাধারণত বিক্রয়কর্মীদের এক মাসে ১০-১৩ হাজার টাকা সম্মানী দেওয়া হয়। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বেতন আরও বেশি হয়। এ ছাড়া প্রতিদিন রয়েছে বিকেলের নাশতা। ছুটির দিনগুলোতে মেলা যেহেতু সকাল থেকে শুরু হয় তাই সকাল, দুপুর ও বিকেলের খাবার দেওয়া হয়। এ ছাড়া মেলা উপলক্ষে নির্দিষ্ট পোশাকও দেওয়া হয়। আদর্শ প্রকাশনীর প্রধান নির্বাহী কর্মকর্তা মাহাবুব রাহমান প্রথম আলোকে বলেন, ‘বইমেলা চলাকালে যাঁরা ভালো দক্ষতা দেখান, তাঁদের পরবর্তী সময়ে স্থায়ী কর্মী হিসেবে নিয়োগ দেওয়া হয়। বর্তমানে আমার প্রতিষ্ঠানে বেশ কয়েকজন কর্মী আছেন, যাঁদের মেলা থেকে নিয়োগ দেওয়া হয়েছিল।’

মাহাবুব রাহমান আরও বলেন, বইমেলায় খণ্ডকালীন চাকরির মাধ্যমে শিক্ষার্থীরা হাতে–কলমে কাজ শেখার সুযোগ পান। আর নিয়োগকর্তারাও তাঁদের সরাসরি পরীক্ষা করে নিতে পারেন। কর্মীদের পুরো এক মাস যাচাই করার সুযোগ পাওয়া যায়। যে ছেলে বা মেয়েটি পুরো মাস মেলার ভিড় সামলে মাথা ঠান্ডা রেখে কাজ করতে পারেন, তাঁর যোগ্যতা নিশ্চয় অন্যদের চেয়ে আলাদা। তাই তাঁদের স্থায়ী চাকরি পাওয়ার সম্ভাবনাও বেশি থাকে।

বাংলাদেশসহ ৩২ দেশ থেকে ৭০ হাজার শ্রমিক নেবে ইতালি

অবশেষে ইতালিতে স্পন্সরে শ্রমিক নেওয়ার অনুমোদন দিল মন্ত্রিপরিষদ। গত বুধবার ২২ ডিসেম্বর স্পন্সরে বিশ্বের বিভিন্ন দেশ থেকে প্রায় ৭০ হাজার শ্রমিক নেওয়ার অনুমোদন দেয় ইতালির মন্ত্রিপরিষদ। এতে সই করেন ইতালির প্রধানমন্ত্রী মারিও দ্রাঘি।

বিভিন্ন সেক্টরে এসব শ্রমিক বৈধভাবে ইতালিতে এসে কাজ করতে পারবেন। যেসব সেক্টরে শ্রমিক আসতে পারবে এর মধ্যে- মৌসুমি, অমৌসুমিসহ অন্যান্য ভিসায় মোট ৬৯ হাজার ৭০০ শ্রমিক এসে এবার কাজ করার সুযোগ পাচ্ছেন। মৌসুমি ও অমৌসুমিসহ অন্য কোটায় বাংলাদেশসহ ৩২টি দেশের শ্রমিক নেবে ইতালি।

এর মধ্যে আলবেনিয়া, আলজেরিয়া, বাংলাদেশ, বসনিয়া-হার্জেগোভিনা, কোরিয়া (কোরিয়া প্রজাতন্ত্র), আইভরি কোস্ট, মিসর, এল সালভাদর, ইথিওপিয়া, ফিলিপাইন, গাম্বিয়া, ঘানা, জাপান, গুয়াতেমালা, ভারত, কসোভো, মালি, মরক্কো, মরিশাস, মলদোভা, মন্টিনিগ্রো, নাইজার, নাইজেরিয়া, পাকিস্তান, উত্তর মেসিডোনিয়া প্রজাতন্ত্র, সেনেগাল, সার্বিয়া, শ্রীলঙ্কা, সুদান, তিউনিসিয়া, ইউক্রেন রয়েছে। অন্যদিকে মালামাল পরিবহন, ট্যুরিজম, পর্যটন হোটেল, নির্মাণ কাজের জন্য শ্রমিক আসতে পারবেন। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত এখনো চূড়ান্ত গেজেট প্রকাশ করা হয়নি।

এ কারণে কবে থেকে আবেদন জমা নেবে তা জানা সম্ভব হয়নি। স্থানীয়রা বলছেন, খুব শীঘ্রই চূড়ান্ত গেজেট প্রকাশ করা হবে। এ প্রসঙ্গে কেন্দ্রীয় জাসদের আন্তর্জাতিক সম্পাদক ও আইন পরামর্শক অ্যাডভোকেট আনিচুজ্জামান আনিচ বলেন, এবার সিজন্যাল (কৃষি) ভিসায় বেশি শ্রমিক আনবে।

কৃষিপ্রধান এ দেশে করোনার কারণে যেটুকু ক্ষতির সম্মুখীন হয়েছিল তা পুষিয়ে নিতেই ৪২ হাজার শ্রমিক ইতালি সরকার দ্রুত সময়ে আনবে। আর নন-সিজন্যাল ভিসার প্রক্রিয়া অনেকটা জটিল। ১২ বছর আগে এটা অনেকটা উন্মুক্ত ছিল। গত দুই টার্ম বিভিন্ন নিয়মের বেড়াজালে কঠিন করেছে। যদিও উল্লেখিত দেশগুলো থেকে মাত্র ১২ হাজারের কোটা রয়েছে। সেখানে অতিরিক্ত হলে বাংলাদেশের কোটা ১ হাজারেরও কম হতে পারে।

৩৩ জনকে নিয়োগ দেবে পরিকল্পনা

[redacted]

[redacted] [redacted] [redacted] [

পদের নাম : অফিস সহায়ক (গ্রেড-২০)
পদ সংখ্যা: ১৯ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পাস।
বেতন: ৮,২৫০/- থেকে ২০,০১০/-

বয়স: আবেদনের সময়সীমা ২১ ডিসেম্বর ২০২১ হিসেবে ১৮-৩০ বছর। তবে ২০২০ সালের ২৫ মার্চ হিসেবে সর্বোচ্চ ৩০ বছর হলেও আবেদন করা যাবে। বিশেষ ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। আবেদনের নিয়ম: আগ্রহী প্রার্থীরা http://plandiv.teletalk.com.bd/home.php -এ ওয়েবসাইট থেকে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ১০ জানুয়ারি ২০২২ বিকাল ৫টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।